

**West Bengal State University**  
**B.A./B.Sc./B.Com. ( Honours, Major, General ) Examinations, 2013**

**PART - I**

**বাংলা — সাম্মানিক**

**দ্বিতীয় পত্র**

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

১। উপন্যাস ও ছোটগল্পের মধ্যে পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। ১০ + ১০

অথবা

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন: ২ × ১০ = ২০

ক) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে একটি সার্থক আঞ্চলিক উপন্যাসের পরিচয় দিন। ৫ + ৫

খ) রোমান্স কাকে বলে, তার লক্ষণগুলি একটি বাংলা রোমান্সের সাহায্যে বুঝিয়ে দিন। ১০

গ) উপন্যাসে চেতনাপ্রবাহ রীতি বলতে কী বোঝেন? বাংলা ভাষায় চেতনাপ্রবাহ রীতিতে লেখা একটি উপন্যাসের পরিচয় দিন। ৫ + ৫

ঘ) মনস্তাত্ত্বিক উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনাসহ এই রীতির একটি উল্লেখযোগ্য উপন্যাস পর্যালোচনা করুন। ৪ + ৬

২। ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে শৈবলিনী চরিত্রের গুরুত্বের পরিচয় দিন। চরিত্রটির পরিণতি প্রদর্শনে লেখকের যে জীবনদর্শন প্রতিফলিত হয়েছে তার উল্লেখ করুন। ৮ + ৭

অথবা

'চন্দ্রশেখর' উপন্যাসের গঠনরীতি ব্যাখ্যা করুন এবং এখানে ইতিহাস ও সমাজ কীভাবে অনুসৃত তা দেখান।

৮ + ৭

- খ) 'শেষের কবিতা' উপন্যাসে শেষের কবিতাটি — কে, কখন, কার উদ্দেশ্যে পাঠিয়েছে তার উল্লেখ করে উপন্যাসের নামকরণের যৌক্তিকতা বিচার করুন। ৩ + ১২

## অথবা

- 'শেষের কবিতা' উপন্যাসে যোগমায়া চরিত্রটির ভূমিকা কী তা বিশ্লেষণ করুন। ১৫
- গ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্লট-রচনার বিশেষত্ব কী তা কাহিনী বিশ্লেষণ করে বুঝিয়ে দিন। ১৫

## অথবা

- 'শ্রীকান্ত' উপন্যাসের ইন্দ্রনাথ চরিত্রটির স্বরূপ নির্ধারণ করুন। ১৫
- ঘ) 'হাসুলীবাঁকের উপকথা' উপন্যাসে কাহারদের সঙ্গে তথাকথিত বাবুসমাজের সম্পর্কের যে ছবি বিন্যস্ত হয়েছে তা নিজের ভাষায় বিবৃত করুন। ১৫

## অথবা

- "প্রাচীন গতানুগতিক উপকথার জগতে করালী নবীন আলোর মশাল।" — করালী চরিত্রটি বিশ্লেষণ করে এই বক্তব্যের যথার্থ্য বিচার করুন। ১৫
- ৩। ক) "হায় ! কেন আমি ইহাকে বিবাহ করিয়াছি। এ কুসুম রাজমুকুটে শোভা পাইত।" — কে, কখন, কার জন্য এবং কেন একথা বলেছে ? ১ + ১ + ১ + ২

## অথবা

- "এক বাঁটায় আমরা দুইটি ফুল, এক বনমধ্যে ফুটিয়াছিলাম — ছিঁড়িয়া পৃথক করিয়াছিলে কেন ?" — কে, কাকে, কখন একথা বলেছে ? অন্য ফুলটি কে ? ১ + ১ + ২ + ১
- খ) "প্রিয় শিষ্যা ললিতে কলাবিদ্যে" — শ্লোকাংশটি কার লেখা, কোন্ কাব্য থেকে নেওয়া হয়েছে ? সেখানে কে, কার প্রসঙ্গে একথা বলেছে ? উপন্যাসে কে এটি উচ্চারণ করেছে ? ১ + ১ + ১ + ১ + ১

## অথবা

- শিলঙ্ক পাহাড়ে অমিত কার লেখা, কোন্ বই পড়ছিল ? ঐ ধরনের বই পড়ার কারণ কী ? ১ + ১ + ৩

- গ) “তাঁহার প্রচণ্ড শাসনে এক মুহূর্ত কাহারো সময় নষ্ট করিবার জো ছিল না।” — কার শাসন ? সময় বাঁচানোর জন্য তার যে প্রয়াস তার পরিচয় দিন। ১ + ৪

অথবা

“তোমার গায়ে ওটা কালোপানা কি রে ? র্যাপার ? আহা র্যাপারের কি শ্রী ! তেলের গন্ধে ভূত পালায়। ফুটে — পেতে দে দেখি, বসি।” — কে, কাকে একথা বলেছে ? এই বক্তব্যে বক্তার স্বভাবের কী পরিচয় ফুটে উঠেছে ? ১ + ১ + ১ + ২

- ঘ) “হাঁসুলী বাঁকের কাহারেরা বলেছে, বাবুমশায়েরা ‘তরাস’ পেয়েছেন।” — ‘তরাস’ শব্দের অর্থ কী ? তরাস পাওয়ার কারণটি উল্লেখ করুন। ১ + ৪

অথবা

কাহারদের মধ্যে ‘আটপৌরে’ বা অষ্টপ্রহরী কারা ? তাদের এই নামকরণের কারণ কী ? ৫

---